

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার রেজুলেশন
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া।

তারিখঃ

সময়ঃ

ক্রমিক নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	স্বাক্ষর
১	উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।	সভাপতি	স্বাক্ষরিত
২	উপজেলা প্রাঙ্গণসম্পদ অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।	সদস্য	স্বাক্ষরিত
৩	উপজেলা মতস্য অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।	সদস্য	স্বাক্ষরিত
৪	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।	সদস্য	স্বাক্ষরিত
৫	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।	সদস্য	স্বাক্ষরিত
৬	উপজেলা নির্বাহী অফিসার মনোনীত প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত
৭	উপজেলা কৃষি অফিসার দুপচাঁচিয়া, বগুড়া।	সদস্য সচিব	স্বাক্ষরিত

অদ্যকার সভা উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া মহোদয়ের সভাপতিত্বে আরম্ভ করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা কৃষি অফিসারকে সভা পরিচালনার দায়িত্ব প্রদান করেন। উপজেলা কৃষি অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় এ সভায়তা অনুমোদন প্রদান করেন।

অদ্যকার সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, ডিডি, ডিএই, বগুড়া মহোদয়ের স্মারক নং-৩৫৪৫(৪১) তারিখঃ ৩০/১০/২০২৫খ্রিঃ মোতাবেক অত্র উপজেলায় কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে রবি মৌসুমে বাস্তবায়নের জন্য নিম্নে উল্লেখিত পরিমাণ বোরো(উফনী)ফসলের প্রণোদনা কর্মসূচীর বরাদ্দ পাওয়া গেছে।

ক্রঃ নং	ফসলের নাম	প্রাপ্ত কর্মসূচী	জমির পরিমাণ	জন/বিষা প্রতি উপকরণের পরিমাণ (কেজি)		মন্তব্য
				বীজ	ডিএপি	
০১	বোরো(উফনী)	১০০০	৩৩ শতক	০৫	১০	২৫

উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকল সদস্যদের সম্মতিক্রমে আবাদি জমি এবং ফসল চাষের উপযোগীতার ভিত্তিতে ইউনিয়ন/পৌরসভা ওয়ারী নিম্নে উল্লেখিত পরিমাণ কর্মসূচী অনুমোদন দেয়া হয়।

ক্রঃ নং	ইউনিয়ন/পৌরসভার নাম	বোরো(উফনী)		মন্তব্য
		বীজ	ডিএপি	
০১	দুপচাঁচিয়া পৌরসভা	১০০	১০০	মোট ১০০০ জন
০২	তালোড়া পৌরসভা	১০০	১০০	১০০ জন
০৩	জিয়ানগর	১৫০	১৫০	১৫০ জন
০৪	চামকল	১৫০	১৫০	১৫০ জন
০৫	দুপচাঁচিয়া সদর	১০০	১০০	১০০ জন
০৬	শুনাহার	১৫০	১৫০	১৫০ জন
০৭	গোবিন্দপুর	১৫০	১৫০	১৫০ জন
০৮	তালোড়া	১০০	১০০	১০০ জন
সর্বমোটঃ		১০০০ জন	১০০০ জন	১০০০ জন

সভায় রবি/২০২৫-২৬ মৌসুমে বোরো(উফনী)ফসল আবাদের লক্ষ্যে প্রাপ্ত প্রণোদনা কর্মসূচী সূত্রভাবে বাস্তবায়ন সম্পর্কে বিষয়ভাবে আলোচনা করা হয় এবং কর্মসূচীর শর্তাবলী ও বাস্তবায়ন নীতিমালা/পদ্ধতির আলোকে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তবলী গৃহীত হয়।

- ১। তালিকাভুক্ত ১ জন কৃষক ১ বিঘা জমির জন্য ০৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি এবং ১০ কেজি এমওপি সার প্রদান করা হবে।
- ২। অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ০৫ জনের একটি গ্রুপে ১ বক্স ডিএপি এবং ১ বক্স এমওপি সার বিতরণ করা হবে।
- ৩। সংশ্লিষ্ট গ্রুপের উপসহকারী কৃষি কর্মকর্তা অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। উক্ত কমিটি তালিকা যাচাই বাছাই করে অনুমোদন প্রদান করবেন।
- ৪। অনুমোদিত অগ্রাধিকার তালিকা মোতাবেক মাস্টাররোল উপকরণ গ্রহণকারী কৃষক ছবিসহ স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার প্রতিস্বাক্ষর করবেন।
- ৫। উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচীর জন্য মনোনীত এতদে কৃষকের স্ট্যাম্প সাইজ ছবিযুক্ত কৃষি উপকরণ কার্ডের ভুক্তি অংশে উপকরণের পরিমাণ শিপিং করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণ করবেন।
- ৬। সার, বীজ ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিতরণের সময় প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে।
- ৭। এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির সাথে যৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবেন।
- ৮। উক্ত কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সহযোগিতা গ্রহণ করতে হবে।

ইউনিয়ন/পৌরসভা ভিত্তিক প্রণীত কর্মসূচীর সফল বাস্তবায়নকল্পে সভাপতি মহোদয় কমিটির সদস্যগণের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শাহরুখ খান)
উপজেলা নির্বাহী অফিসার

সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
দুপচাঁচিয়া, বগুড়া।